



[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ

বিশেষ আদেশ নং-৬/মুসক/২০২২

তারিখঃ ০৬ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ।
২০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি এর বাড়ি ভাড়ার উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।


যেহেতু, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি হিজড়া এবং লিঙ্গ বৈচিত্র্য জনগোষ্ঠীর আত্মমর্যাদা ও সম্মানজনক সামাজিক জীবন যাপন নিশ্চিত করিতে কাজ করিতেছে; এবং

যেহেতু, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি একটি অলাভজনক সেবামূলক প্রতিষ্ঠান;

সেহেতু, জনস্বার্থে জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটিকে “স্থান ও স্থাপনা ভাড়া গ্রহণকারী” সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদান করিল।

এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,


২০/০৩/২০২২
(কার্জী ফরিদ উদ্দিন)
প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা।


[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.৫১.১৪/ ২১৬(১৬)

তারিখঃ ২০ মার্চ, ২০২২ খ্রিষ্টাব্দ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

- ১-২। সদস্য (মুসক বাস্তবায়ন ও আইটি)/(মুসক নীতি)/(মুসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩-১৪। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ ঢাকা(পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মুসক), ঢাকা।
- ১৫। মহাপরিচালক, নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা।
- ১৬। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।


২২/০৩/২২

- ১৭। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ১৮। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ১৯। পরিচালক, বন্ধু সোশ্যাল ওয়েলফেয়ার সোসাইটি, ৯৯, কাকরাইল, ঢাকা-১০০০, বাংলাদেশ।

Rhasan
20/07/22

(কাজী রেজাউল হাসান)

দ্বিতীয় সচিব (মুসক আইন ও বিধি)